

“কৃষ্টি” অষ্ট্রেলিয়ার প্রথম বাংলাদেশী ব্যান্ড

পারভেজ আলম

সিডনীতে ২০০২ সাল থেকে এই ব্যান্ডের যাত্রা শুরু এবং এর উদ্যোক্তা ছিল সঞ্জয় ও শোয়েব। তাদের অদম্য আগ্রহ আর অক্লান্ত প্রচেষ্টায় কৃষ্টির জন্ম। এরপর একে একে এই ব্যান্ডে যুক্ত হয় ইমন, তপন, শুভ এবং সুশান্ত। অনেক পথ পাড়ি দিয়ে কৃষ্টি আজ এই অবস্থানে এসেছে। কৃষ্টির প্রথম শো-টি হয়েছিল ২০০২ সালে বঙ্গবন্ধু কাউন্সিলের আয়োজনে বারউড বৈশাখী মেলায়। প্রথম অনুষ্ঠানেই তারা মনমাতানো গান ও সুর-মুর্ছনা দিয়ে দর্শক-শ্রোতার দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছিল। সেই থেকে কৃষ্টির পথ চলা শুরু এবং এখন পর্যন্ত কৃষ্টি সামনের দিকে এগিয়ে যাচ্ছে তাদের অধ্যাবসায়, অদম্য উৎসাহ এবং পেশাদারীত্বের কারণে।

প্রত্যেক বছর সিডনীতে বাংলাদেশী বর্ষবরণ উপলক্ষ্যে বৈশাখী মেলার আয়োজন করা হয়। প্রায় প্রতিটা মেলাতেই কৃষ্টি অংশগ্রহণ করে থাকে। এবছরও কৃষ্টি হোমবুশ- অলিম্পিক পার্ক ও টেম্পি পার্কের বৈশাখী মেলায় অংশগ্রহণ করেছিলো। তাদের সংগীত পরিবেশনা ছিল অত্যন্ত উপভোগ্য এবং পেশাদারী। কৃষ্টির গান ও সুরের মুর্ছণায় নেচে উঠেছিল তরুন-তরুনীরা। এটা শুধু এবারের ঘটনা নয়, প্রতিবছরই কৃষ্টির সুরের সাথে তাল মিলিয়ে নাচে বাঙ্গালী। দর্শক-শ্রোতা অনেক উপভোগ করেছিল কৃষ্টির পরিবেশনা।

এপর্যন্ত কৃষ্টি প্রায় ১৫০ এরও বেশী শো করেছে। শুধু সিডনীতেই নয়, ক্যানবেরা, মেলবর্ন, ডারউইন এবং ব্রিজবেনে কৃষ্টি-ব্যান্ড শো করে সেখানকার বাঙ্গালী দর্শক-শ্রোতাদের মনে সাড়া জাগাতে সক্ষম হয়েছে। কৃষ্টি ব্যান্ডের সদস্যরা হল, ড্রাম-সঞ্জয়(ব্যান্ড লীডার), কীবোর্ড-শোয়েব, বেজ গীটার-ইমন, লীড গীটার-তপন এবং ভোকাল- শুভ ও সুশান্ত।

